

# ভর্তি কার্যক্রম শুরুর অনুমতি পেল 'ঢাকা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়'

অনলাইন ডেক্স



অবশ্যে দীর্ঘ প্রতীক্ষার অবসানের পর শুরু হতে যাচ্ছে রাজধানীর

সাত সরকারি কলেজের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম।

শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনে এবার প্রস্তাবিত 'ঢাকা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়' নামে একটি স্বতন্ত্র একাডেমিক কাঠামোর অধীনেই পরিচালিত হবে ভর্তির পুরো প্রক্রিয়া।

গত ৯ জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা থেকে এ সংক্রান্ত অনুমোদন জারি করা হয়।

সিনিয়র সহকারী সচিব এ. এস. এম. কাসেমের স্বাক্ষর করা স্মারকে বলা হয়েছে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডলি কমিশনের (ইউজিসি) ৭ জুলাইয়ের সুপারিশের ভিত্তিতেই এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

স্মারকে আরো বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সাতটি  
সরকারি কলেজের শিক্ষার্থীদের নতুন শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রম  
'ঢাকা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়' কাঠামোর আওতায় সম্পন্ন করা  
হবে।

উল্লেখ্য, এই সাতটি কলেজ হলো- ঢাকা কলেজ, ইডেন মহিলা  
কলেজ, বেগম বদরঘন্সো সরকারি মহিলা কলেজ, কবি নজরুল  
সরকারি কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি শহীদ  
সোহরাওয়ার্দী কলেজ ও সরকারি বাঙলা কলেজ।